



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২৮

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯

২৭ জুলাই ২০২২

বিষয়: মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: সুনত আলীর স্বপদে পুনর্বহালের আবেদন না-মঞ্জুর করা প্রসঙ্গে

সূত্র: ক) জনাব সুনত আলী-এর ২৯-১২-২০১৯ খ্রি. তারিখের আবেদন

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৪ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন কুতুবপুর স্কুল এন্ড কলেজ-এর সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: সুনত আলী গত ২৯-১২-২০১৯ খ্রি. তারিখের আবেদনে জানান যে, কলেজের গভর্নিং বডি'র সভাপতি একটি ভুয়া পদত্যাগপত্র তৈরি করে তাতে জনাব মো: সুনত আলীর জাল স্বাক্ষর করে তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করেন। জনাব মো: সুনত আলী সভাপতির এ জালিয়াতির বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করেন এবং প্রতিকার চেয়ে ২৯-১২-২০১৯ খ্রি. তারিখে আবেদন করেন। তার আবেদনের বিষয়টি এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের ৭৪ তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় বাদী জনাব মো: সুনত আলী (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ) অনুপস্থিত ছিলেন, বিবাদী উপস্থিত ছিলেন। বিবাদী পক্ষের উপস্থিতিতে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের ভুয়া পদত্যাগপত্র তৈরি করে তাতে জনাব মো: সুনত আলীর জাল স্বাক্ষর করার বিষয়টি নিয়ে দীর্ঘ শুনানী অনুষ্ঠিত হয়। কলেজের গভর্নিং বডি'র বর্তমান সভাপতি জানান যে, বাদী জনাব মো: সুনত আলী (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ) পদত্যাগ করে দীর্ঘদিন যাবত কলেজে অনুপস্থিত আছেন। জনাব মো: সুনত আলী (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ) বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির বিগত ০৩টি সভায় অনুপস্থিত ছিলেন বিধায় বাদীর ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে পুনর্বহাল সংক্রান্ত আবেদন না-মঞ্জুর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৪ তম সভার সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন কুতুবপুর স্কুল এন্ড কলেজের জনাব মো: সুনত আলী (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ)-এর স্বপদে পুনর্বহালের আবেদন নির্দেশক্রমে না-মঞ্জুর করা হলো।

২৭-৭-২০২২

কে এম রস্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল: ic@jessoreboard.gov.bd

জনাব মো: সুনত আলী (সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ),
কুতুবপুর স্কুল এন্ড কলেজ
গাংনী, মেহেরপুর

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.২৮/১(৫)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯

২৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর

- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, মেহেরপুর
- ৩) সভাপতি, গভর্নিং বডি, কুতুবপুর স্কুল এন্ড কলেজ, গাংনী, মেহেরপুর
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



২৭-৭-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক